মুজিবনগরে স্থানীয় সরকার দিবসের র্যালী ও আলোচনা সভা

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে র্যালী আলোচনা সভা ও ৩ দিন ব্যাপি উন্নয়ন মেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগরে স্থানীয় সরকার দিবস উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে রোববার সকাল ১০টার দিকে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্তরে শেষ হয়ে সেখানে উন্নয়ন মেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উন্নয়ন মেলার উদ্বোধন করেন।

উদ্বোধন শেষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। আলোচনা সভায প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশলী জাহাঙ্গীর আলম, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, মুজিবনগর মডেল থানার এসআই হেকমত আলি ও উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ জহুরুল আমিন প্রমূখ।

উপজেলা পরিষদ সিএ শিমুল হোসাইন এর সঞ্চালনায় অনুষ্ঠানে ইউনিয়ন পরিষদ থেকে আগত উপকারভোগীগন, বিভিন্ন দপ্তরের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। ১৭, ১৮ ও ১৯ সেপ্টেম্বর ৩ দিনব্যাপী প্রত্যহ সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত উপজেলা পরিষদ চত্বরে স্থানীয় সরকার দিবস মেলা অনুষ্ঠিত হবে বলে জানানো হয়। মেলায় উপজেলা পরিষদ চত্বর, জনসাস্থ্য প্রকৌশল, উপজেলা পল্লী উন্নয়ন অফিস, সমবায় অফিস এলজিইডি, ইউনিয়ন পরিষদসহ বিভিন্ন দপ্তর স্টল বসাবেন। উল্লেখ্য, মেলায় জন্ম ও মৃত্যু সনদ প্রদান, ফ্রি চিকিৎসা সেবাসহ বিভিন্ন দপ্তরের সেবা সমূহ প্রদর্শন করা হবে।

মুজিবনগরে গাঁজাসহ যুবক আটক

২৫০ গ্রাম গাঁজাসহ মনিরুল ইসলাম ওরফে রানা (২৪) নামের এক যুবককে আটক করেছে মুজিবনগ থানা পুলিশ। আটক মনিরুল ইসলাম মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামের নুরন্নবী বাঙ্গালের ছেলে।

মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি দল আজ রবিবার (১৭ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে মানিকনগর গ্রামে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করেন।

এসআই আব্দুর রাজ্জাক বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মানিকনগর গ্রামে তার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজাসহ রানাকে আটক করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় একটি দিয়ে রানাকে আজ রবিবার বেলা ১১ টার দিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরের বল্লবপুরে ওয়ার্ড আওয়ামী লীগের বর্ধিত সভা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড বল্লবপুরে আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে ।

শুক্রবার বিকেলে বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিকের সার্বিক সহযোগীতায় বল্লভপুর গ্রামবাসির আয়োজনে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি থিউফিল মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মারিও সুসিত মন্ডল গনা, সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস, বল্লভপুর মিশন হাসপাতালে এডমিন বিনিময় বিশ্বাস, ইয়ং বাংলা ফিচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটু।

বক্তারা বলেন, সামনে দ্বাদশ জাতীয় নির্বাচন, এই নির্বাচনকে সামনে রেখে আপনাদের সক্রিয়ভাবে কাজ করতে হবে। আওয়ামী লীগ সরকারের উন্নয়নকে তুলে ধরতে হবে এবং সাধারণ জনগণকে বোঝাতে হবে যে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আছে বলেই আমরা এত ভালো আছি । সারা বাংলাদেশের শহর থেকে শুরু করে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে আওয়ামী লীগ সরকার ব্যাপক উন্নয়ন করেছে রাস্তাঘাট, ব্রিজ কালভার্ট,ড্রেন নির্মাণ , মাঠের রাস্তা পাকা করন, সাধারণ মানুষের জীবনমান উন্নয়নসহ বিভিন্ন উন্নয়ন করে যাচ্ছে তাই এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং ভালো থাকতে হলে বর্তমান প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার কে ক্ষমতায় আনতে হবে এবং নৌকার পক্ষে কাজ করতে হবে। নৌকায় ভোট দিয়ে আবারো জননেত্রী শেখ হাসিনাকে ক্ষমতায় আনতে হবে সেই লক্ষ্যে আমাদের কাজ করে যেতে হবে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন , ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইউপি সদস্য সিবাস্তিন মল্লিক ঝড়ু, বীর মুক্তিযোদ্ধা ভিনসেন্ট মন্ডল, আওয়ামী লীগ নেতা লুক হরেন্দ্র বিশ্বাস রিঠু, সমর বিশ্বাস, বল্লভপুর সার্বিক যুব উন্নয়ন ক্লাবের সাধারণ সম্পাদক মতিউর রহমান খানসহ ওয়ার্ড আওয়ামীলীগের নেতা কর্মীরা।

বর্ধিত সভায় সঞ্চালনায় ছিলেন আওয়ামী লীগ নেতা বিকাশ বিশ্বাস।

সীমান্তে নেওয়া হলো মুক্তিযোদ্ধার লাশ, তবুও দেখা

হলো না স্বজনদের

সীমান্তের শূন্য রেখায় শেষ বারের মত বাবার মুখ দেখার সুযোগ করে দিবে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি ও বিএসএফ। মৃত্যুর পর কাটাতাঁরের কাছে বাবার লাশ নিয়ে অপেক্ষায় স্বজনরা। অপেক্ষা বাড়লেও শেষ পর্ষন্ত বাবাকে শেষ বারের মত দেখার অনুমতি বিএসএফ এর কাছে থেকে না পাওয়ায় ভারতে বসবাসরত ছেলে ও মেয়েকে ফিরতে হয় বুকভরা কষ্ট নিয়ে।

ঘটনাটি আজ বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) দুপুরে মেহেরপুরের মুজিবনগর স্বাধীনতা সড়ক সীমান্তে। মুজিবনগর উপজেলার ভবের পাড়ার বীর মুক্তিযোদ্ধা রবীন দফাদার গতকাল বুধবার বিকেলে বার্ধক্ষ্যজনিত কারনে মৃত্যু বরণ করেন। এক মেয়ে ও দুই ছেলে বিবাহ বন্ধনের কারনে ভারতের নদীয়া জেলার কৃষ্ণনগর গ্রামে বসবাস করে আসছেন।

ছেলে মাইকেল দফাদার বলেছে, বাবার মৃত্যুর খবর পেয়ে ওপারে কাটাতাঁর কাছে অপেক্ষা করতে থাকেন আমার ভাই বোন ও অন্যান্য স্বজনরাা। বিজিবির পক্ষ থেকে বিএসএফ কে চিঠি দিলে তাদের উদ্ধর্তন কর্মকর্তাদের অনুমতি না পাওয়ায় শেষ বারের মত বাবার মুখ দেখতে পারলেন না সন্তানরা। বিয়ের পর ভারতে থেকে যায় মেয়ে ও দুই ছেলে। বাবাসহ পরিবারের অন্য সদস্যরা তার কাটার এপারে মেহেরপুরের মুজিবনগর উপজেলার ভবের পাড়ায় বসবাস শুরু করে। বাবা বীর মুক্তিযোদ্ধা রবীন দফাদার ১৯৭১ সালে পাক বাহীনির সাথে যুদ্ধ করে দেশ স্বাধীন করেন। এর পর সীমান্তে কাটাঁতারের বেড়া দিয়ে দুই দেশ ভাগ হলে পিতা ও সন্তানরা দুই দেশে বসবাস শুরু করেন। সীমান্তের তারকাটা দূরত্ব বাড়িয়ে রাখে বাবা ও ছেলে মেয়েদের মধ্যে। এর আগে বাবার জীবিত মুখটা দেখার জন্য বহু চেষ্টা করে দেখা হয়নি তাদের। মুঠোফোনে কথা বলে শান্তি খুজতো তারা।

গতকাল (১৩ সেপ্টম্বর) বিকালে বীর মুক্তিযোদ্ধা নিজ বাড়ীতে বাধ্যর্কজনিত কারণে মৃত্যুবরণ করেন। মৃত্যুর খবরে শেষ বারের মত বাবার মুখটা দেখার জন্য ভেঙ্গে পড়েন তারকাটার ওপারে থাকা সন্তানরা। আত্মীয়স্বজনরা অনুরোধ করেন সীমান্তরক্ষি বাহীনি বিজিবি কে। দুই দেশের সীমান্তরক্ষি বাহীনির উচ্চ মহলে চিঠি চালাচালির পর মুজিবনগর স্বাধীনতা সড়কের ১০৫ নাম্বার মেইন পিলারের কাছে শেষ বারের মত বাবার মুখটা দেখোনোর জন্য মরাদেহ

নিয়ে আসা হয় শূন্য রেখায়। সেখানে ওপারে অপেক্ষায় থাকা দুই ছেলে ও মেয়ের জন্য অপেক্ষায় থেকে দুপুরে বিএসএফের পক্ষ থেকে জানানো হয় উদ্ধর্তন কর্মকর্তাদের অনুমতি না পাওয়ায় বাবার লাশ দেখানো যাচ্ছে না।

বীর মুক্তিযোদ্ধার ছেলে মাইকেল দফাদার বলেন, মৃত্যুর পর বাবার মুখটা শেষ বারের মত দেখতে পেলে কিছুটা মনকে শান্তনা দিতো আমার ওপারে থাকা ভাই বোনরা। আমরা সীমান্তরক্ষী বাহিনীকে বিজিবি কে অনুরোধ করেছিলাম শেষ বারের মত আমার বাবার মুখটা দেখার ব্যাবস্থা করার জন্য। শেষ পর্ষন্ত ভারতীয় সীমান্তরক্ষি বাহীনির অনুমতি না পাওয়ায় দেখানো হলোনা। লাশ নিয়ে এখন দাফনের ব্যাবস্থা করবো।

স্থানীয় বাসিন্দা জুবের হোসেন বলেন, সীমান্ত গ্রাম গুলোতে বসবাসকারীরা বলছেন এমন ঘটনা এবারী প্রথম। অনেকের আপনজন বাবা মায়ের মৃত্যুর খবর পেলেও সীমান্তের শূন্য রেখায় শেষ দেখার ব্যাবস্থা করেন দুই দেশের সীমান্তরক্ষি বাহীনি। এবার তারকাটার কাছে গিয়েও আকুতি জানিয়ে চোখের জলে ফিরে এসেছে।

বিজিবির পক্ষ থেকে বলা হয়েছে, আজ সকালে বিজিবির পক্ষ থেকে বিএসএফ কে একটি চিঠি দেওয়া হয়। শেষ বারের মত বাবার লাশ সীমান্তের শূন্যরেখায় দেখানোর জন্য। পরে দুপুরে বিএসএফের পক্ষ থেকে জানায় অনুমতি না মেলায় দেখানো সম্ভব হচ্ছে না।

সাবেক ইউপি সদস্য দিলীপ মন্ডল বলেন, এখানকার বিজিবি ক্যাম্পের কমান্ডার ভারতের হৃদয়পুর বিএসএফের সাথে সাধ্যমত চেষ্টা করেছেন যোগাযোগ করার। ছেলে এবং মেয়েকে তার বাবার মরা মুখটা দেখানোর জন্য, কিন্তু সেটা হয়নি। তবে এর আগে এখানকার একটা মেয়ে মারা গেছিল সেটা দেখানো হয়েছিল।

মুজিবনগরে ঢেউটিন ও চেক বিতরণ

মুজিবনগরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন, এমপির বিশেষ বরাদ্দ হতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ / বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে

ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে দুর্যোগ ব্যাবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ঢেউটিন ও চেক বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের আয়োজনে, উপজেলা পরিষদ চত্ত্বর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা উপস্থিত থেকে এ সব ঢেউটিন ও চেক বিতরণের উদ্বোধন করেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলেম মেহেরপুর প্রতিদিনকে জানান, প্রতিমন্ত্রীর বিশেষ বরাদ্দ হতে বৃহস্পতিবার ৪২ টি পরিবারের মাঝে ৪৬ বাইন ঢেউটিন এবং বাইন প্রতি ৩ হাজার টাকা করে ১ লক্ষ ৩৮ হাজার টাকার চেক বিতরণ।

গাংনী ও মুজিবনগরে ৪ আসামি গ্রেফতার

গাংনী ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গরু চোর সন্দেহে গাংনী থানা পুলিশের অভিযানে ৩ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতে পুলিশ পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশ অভিযান চালান। সংশ্লিষ্ট থানার জরুরী বিভাগ এই তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃতদের আজ বুধবার (১৩ সেপ্টেম্বর) দুুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে যুবমহিলা লীগের সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত

সরকারের সাফল্য ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা তৃণমূল পর্যায়ে পৌছে দিতে মুজিবনগরে যুব মহিলা লীগের সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে মুজিবনগর আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে বাগোয়ান ইউনিয়ন যুবমহিলালীগের আয়োজনে এই সমাবেশ ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অনুষ্ঠানে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক এ্যাড: রুতশোভা মন্ডলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ যুব মহিলালীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবমহিলা লীগের সভাপতি সমিউন বাসিরা পলি, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন।

এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ও বাংলাদেশ যুব মহিলা লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম অনুষ্ঠানের স্থলে পৌঁছালে তাদেরকে ফুল দিয়ে বরণ করে নেন যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ।

বিএনপি ক্ষমতায় থাকাকালে কোন প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে পারিনি- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ বলেছেন ২০০১ থেকে ২০০৬ সালে পর্যন্ত বিএনপি সরকারে থাকাকালে জনগনকে দেওয়া কোন প্রতিশ্রুত তারা বাস্তবায়ন করতে পারিনি। বিএনপি-জামায়াত জোট সরকার তাদের নিজেদের ভাগ্য উন্নয়নে ব্যস্ত ছিল। তাদের দুঃশাসন জনগন দেখেছে। তাদের শাসনামলে দেশে সন্ত্রাস-জঙ্গিবাদের উত্থান হয়েছিল। তারপর ২০০৮ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর দেশের মানুষের ভাগ্যের পরিবর্তন হয়েছে।

আজ বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর) বিকালে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলা লীগের আয়োজনে উঠান বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ফরহাদ হোসেন আরও বলেন, আগামী দ্বাদশ সংসদ নির্বাচনকে ঘিরে ওই বিএনপি-জামায়াত জোট সরকার আবারো ক্ষমতায় আসার জন্য বিভিন্ন ধরনের ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। দেশের মানুষকে জিম্মি করার চেষ্টা করছে। কিন্তু দেশের জনগন তা কখনই হতে দেবে না। আওয়ামী লীগ সরকারের আমলে মানুষ শান্তিতে বসবাস করতে পারে। একেবারে প্রত্যন্ত অঞ্চল থেকে শুরু করে জাতীয় পর্যায় পর্যন্ত দেশে পরিমান উন্নয়ন হয়েছে তা বিশ্বের বুকে রোল মডেল। তাই এই উন্নয়নের ধারা অব্যাহত রেখে আগামী নির্বাচনে আবারো শেখ হাসিনাকে ক্ষমতায় আনার আহবান জানান ফরহাদ হোসেন।

দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি শাহিনা খাতুনের সভাপতিত্বে উঠান বৈঠকে বিশেষ অথিতি হিসেবে বক্তব্য দেন কেন্ত্রীয় যুব মহিলা লীগের সহ সভাপতি মোনলিসা ইসলাম। উঠান বৈঠকে মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক রুতশোভা মন্ডলের সঞ্চালনায় মেহেরপুর সদর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতাসহ

যুব মহিলা লীগের নেত্রীবৃন্দরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ৪ গ্রাম হেরোইনসহ যুবক আটক

৪ গ্রাম হেরোইনসহ জুয়েল রানা (২৮) নামের এক যুবককে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। জুয়েল রানা মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের পশ্চিমপাড়ার হাছান আলীর ছেলে।

বুধবার দিবাগত রাত ১১ টার দিকে মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) খালিদুর রহমান সংগীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে জুয়েল রানাকে আটক করেন। এসময় তার কাছ থেকে ৪ গ্রাম হেরোইন জব্দ হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় একটি মামলা দেওয়া হয়েছে। আটক জুয়েল রানাকে আজ বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বহি:স্কার, কমিটি বিলুপ্ত

মুজিবনগর উপজেলা ছাত্রলীগ সম্পাদকের মাদক গ্রহনের ছবি ভাইরাল এবং সংগঠন পরিপন্থী কার্যকলাপের কারনে শেখ সাকিবকে বাংলাদেশ ছাত্রলীগ থেকে সাময়িক বহিস্কার করা হয়েছে। সেই সাথে স্থায়ীভাবে বহি:স্কারের জন্য বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদ বরাবর সুপারিশ করা হয়েছে। এদিকে একই বিজ্ঞপ্তিতে মেয়াদ উত্তীর্ণ

হওয়ায় মুজিবনগর উপজেলা ছাত্রলীগের কমিটিকে বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৫ সেপ্টেম্বর) রাতে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করা হয়েছে।

জানা গেছে, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিবের মাদক গ্রহনের ছবি ভেসে বেড়াচ্ছে । জনগনের বন্ধু নামের একটি ফেসবুক আইডি থেকে গত ১১ আগষ্ট সাকিবের ইয়াবা সেবনের একটি ছবি পোষ্ট করা হয়। পরে মূহুর্তেই ছড়িয়ে পড়ে ছবিটি। পরে গত ২ সেপ্টেম্বর গাঁজা সেবনের আরও একটি ছবি একই আইডি থেকে পোষ্ট করা হয়। সেই সাথে তাকে বহিষ্কারের দাবি জানায় ওই ফেসবুক আইডিটি। এছাড়াও ছাত্রলীগের মহাসমাবেশে না গিয়ে বিএনপি নেতা কর্মীদের সাথে বসে আড্ডা দেওয়ারও ছবি পোষ্ট করে জনগনের বন্ধু নামের ওই ফেসবুক আইডিটি। এতেই ক্ষোভে ফেটে পড়ে মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিটের ছাত্রলীগের নেতা কর্মীরা। এরকম মাদকাশক্ত একজন ছাত্রনেতার অবিলম্বে বহিষ্কারের দাবি জানায় ছাত্রলীগ নেতারা।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল বলেন, সংগঠণ বিরোধী, শৃংখলা পরিপন্থি, অপরাধমুলক এবং সংগঠনের মর্যাদা ক্ষুন্ন হয় এমন কার্যকলাপের সাথে জড়িত থাকার অপরাধে মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব কে সাময়ীক বহি:স্কার করা হয়েছে। এছাড়া মুজিবনগর উপজেলা ছাত্রলীগের কমিটি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় কমিটির সকল কার্যক্রম বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

মেহেরপুর ছাত্রলীগের কয়েকজন নেতা কর্মী নাম প্রকাশ না করার শর্তে বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যমে আমরা দেখেছি তার মাদক গ্রহনের ছবি। এতে ছাত্রলীগের মান ক্ষুন্ন হয়েছে। মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের কয়েকজন নেতা কর্মী জানায়, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বিভিন্ন সময় বিভিন্ন বির্তকীত কাজ করে ছাত্রলীগকে কলঙ্কিত করছে। অবিলম্বে এমন ছাত্রনেতার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়ারও জোর দাবি জানান তারা। এছাড়াও মুজিবনগর ছাত্রলীগের সাধারণ সম্পাদকের পদে থেকে সে বিয়েও করেছে। ইতিমধ্যে তার একটি কন্যা সন্তানও আছে। ২০১৭ সালের ২৯ নভেম্বর চার সদস্যের মুজিবনগর ছাত্রলীগের কমিটির অনুমোদন দেই জেলা ছাত্রলীগ।

পরে তিন মাসের মধ্যে পূর্নাঙ্গ কমিটি করার নির্দেশ দেয়া হয়। কিন্তু ৬ বছরেও হয়নি পূর্নাঙ্গ কমিটি।